



# বিদ্যুৎ বিভাগ

## বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়



### বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে সম্মানিত বিদ্যুৎ গ্রাহকগণের প্রতি আহবান

বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে	বিদ্যুৎ সাশ্রয় করণীয়
লাইটিং	বিদ্যুৎ সাশ্রয়ী LED বাল্ব ব্যবহার করা এবং কক্ষের আকৃতি অনুসারে নির্ধারিত লাক্সের বাতি ব্যবহার করা। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার হতে বিরত থাকা এবং অপ্রয়োজনে লাইট বন্ধ রাখা।
	বৈদ্যুতিক বাল্বের উপরিভাগে ধুলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাল্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।
	দিনের আলোর (ডে-লাইট) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রয়োজনে কক্ষের আসবাবপত্র পুনঃবিন্যস্ত করা।
ফ্যান	Energy Rating অনুযায়ী আধুনিক প্রযুক্তির বিদ্যুৎ সাশ্রয়ী ফ্যান ব্যবহার;
	অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখা;
টেলিভিশন, ওভেন, ওয়াশিং মেশিন, ব্লেন্ডার ইত্যাদি	নিত্য প্রয়োজনে ব্যবহৃত টিভি, ওভেন, ওয়াশিং মেশিন, ব্লেন্ডার ইত্যাদির এনার্জি রেটিং দেখে ক্রয় ও ব্যবহার করা। অপ্রয়োজনে এ সকল যন্ত্রপাতির সুইচ বন্ধ রাখা।
কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার	কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদির ব্যবহার করা হয় না এমন সময় সুইচ বন্ধ রাখা বা প্রয়োজ্য ক্ষেত্রে স্লিপ মুডে রাখা।
রেফ্রিজারেটর	গরম খাবার ঠাণ্ডা করার পর রেফ্রিজারেটরে সংরক্ষণ করা।
	পুরনো/অকেজো রেফ্রিজারেটরের পরিবর্তে প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী রেফ্রিজারেটর ক্রয় করা।
শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	এসির তাপমাত্রা ২৫°C বা তার উপরে রাখা (কারণ প্রতি ১ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা বাড়ালে ১০ শতাংশ বিদ্যুৎ সাশ্রয় করা যায়)। প্রয়োজনে দীর্ঘক্ষণ ধারাবাহিকভাবে এসি ব্যবহার না করা। এছাড়া শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের দক্ষ ব্যবহারের লক্ষ্যে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ও ফ্যান একসাথে চালিয়ে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫°C এর অধিক রাখা যেতে পারে।
	শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র সাশ্রয়ী ও দক্ষভাবে ব্যবহার করতে এবং সর্বাধিক স্বস্তি নিশ্চিত করতে কক্ষের দরজা- জানালাসহ বায়ু চলাচল স্থান যতদূর সম্ভব বন্ধ রাখা (যেমন: দরজার নিচ, ভেন্টিলেটর ইত্যাদি)।
	তাপপ্রবাহ রোধে কক্ষের পূর্বদিকের জানালার পর্দা সকাল ১০:০০ টা পর্যন্ত এবং পশ্চিম দিকের জানালার পর্দা দুপুর ২:০০ টার পর থেকে নামিয়ে রাখা, এতে কক্ষ অপেক্ষাকৃত ঠাণ্ডা থাকবে।
	শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতিবছর কমপক্ষে একবার সার্ভিসিং করা।
পুরনো/অকেজো শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র পরিবর্তনের প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী। শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করা।	
গিজার	পানি গরমের ক্ষেত্রে গিজার কম সময় ব্যবহার করা। উদাহরণস্বরূপ, গিজার সর্বক্ষণ না চালিয়ে রেখে গোসল করার অধাঘন্টা পূর্বে গিজার চালু করা।
পানির পাম্প ও ট্যাপ	বাসা-বাড়ির পানি উত্তোলনের জন্য Energy Rating অনুযায়ী বিদ্যুৎ সাশ্রয়ী পানির পাম্প ব্যবহার (প্রয়োজনে পানির ট্যাঙ্ক ব্যবহার)। পানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করা যেমন: ব্রাশ, শেভ করার সময় পানির ট্যাপ খুলে না রাখা এবং গোসলের সময় ঝর্ণা ব্যবহার করা ইত্যাদি।
ইন্ড্রি	বৈদ্যুতিক ইন্ড্রির ব্যবহার সীমিত করা।
শিল্প খাতে ফার্নেস অয়েল, কো-জেনারেশন, বয়লার ইত্যাদি	অনুমোদিত লোডের মধ্যে পিক ও অফ-পিক আওয়ার বিবেচনা করে বিদ্যুৎ ব্যবহার এবং পিক ও অফ-পিক মিটারের ব্যবহার নিশ্চিতকরণ।
	স্টীল মিল/রি-রোলিং মিলের ফার্নেস অয়েলের দক্ষতা বৃদ্ধি করা।
	কো-জেনারেশন উৎসাহিতকরণ।
	বৈদ্যুতিক যন্ত্রপাতির স্টার লেবেলিং কার্যক্রম গ্রহণ করা।
বয়লারের দক্ষতা বৃদ্ধি করা।	
শিল্প খাতে বিদ্যুতের অদক্ষ ব্যবহার পরিহার করার লক্ষ্যে নিয়মিত এনার্জি অডিট করা এবং সে আলোকে দক্ষ যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত করা।	
সেচ যন্ত্র	সেচ পাম্পসমূহ পিক আওয়ারে না চালিয়ে অফ পিক আওয়ারে (রাত ১১টা হতে পরদিন ভোর ৭টা) চালানো এবং প্রয়োজনীয় ক্ষেত্র ব্যতীত সেচ পাম্প বন্ধ রাখা;
	সেচ মৌসুমে বিদ্যুতের সাশ্রয় বা বিদ্যুৎ ব্যবহার হ্রাসের জন্য কৃষি কাজে wet & dry পদ্ধতি প্রয়োগ করা; সৌর বিদ্যুৎ চালিত সেচ যন্ত্র ব্যবহার।